## রাজশাহী বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ বি.এসসি./বি.ফার্ম./বি.এসসি.এজি./বি.এসসি.ফিশারীজ(সম্মান)/ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষা, ২০২৪-২০২৫

## ইউনিট-C {গ্রুপ-১, গ্রুপ-২ ও গ্রুপ-৩ (অ-বিজ্ঞান)}

### শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির জন্য ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞান, কৃষি, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূ-বিজ্ঞান, ফিশারীজ এবং ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদ-এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বি.এসসি./বি.ফার্ম./বি.এসসি.এজি./বি.এসসি.ফিশারীজ(সম্মান)/ডি.ভি.এম./বি.এসসি. ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী শারীরিক শিক্ষা ও ক্রীড়াবিজ্ঞান বিষয়ে **ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সম্মতি ফরম পূরণ করেছেন**, তাদের ব্যবহারিক পরীক্ষা আগামী ১৮ মে ২০২৫ রবিবার সকাল ৭:০০ ঘটিকায় রাজশাহী বিশ্ববিদ্যালয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে।

**ব্যবহারিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে সেই ভর্তিচ্ছুর ভর্তির আর কোন সুযোগ থাকবে না।** তবে ইউনিটের অবশিষ্ট বিভাগগুলোতে পছন্দক্রম পূরণকারী ভর্তিচ্ছুদের ভর্তির সুযোগ যথারীতি থাকবে।

ব্যবহারিক পরীক্ষার সময় ভর্তি পরীক্ষায় পরিদর্শক স্বাক্ষরিত প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। **বি.কে.এস.পি. উত্তীর্ণ সনদ বা জাতীয় পর্যায়ে ক্রীড়া কৃতিত্বের অন্য কোন সনদ থাকলে তার মূল কপি ও একটি সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে। সত্যায়িত কপিটি ইউনিট কার্যালয় [জীববিজ্ঞান অনুষদ কার্যালয়, কক্ষ নং-৪১০, স্যার জগদীশ চন্দ্র বোস একাডেমিক (৩য় বিজ্ঞান) ভবন] ব্যবহারিক পরীক্ষার দিন দুপুর ৩টার মধ্যে জমা দিতে হবে।**

প্রকাশিত তালিকায় বা ফলাফলে কোন ভুল-ভ্রান্তি গোচরীভূত হলে, তা সংশোধন করার ক্ষমতা ইউনিট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**(প্রফেসর ড. মো. গোলাম মোর্তুজা)**
চীফ কো-অর্ডিনেটর
১ম বর্ষ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ সি-ইউনিট ভর্তি পরীক্ষা কমিটি
এবং ডীন, জীববিজ্ঞান অনুষদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

**১৪ মে ২০২৫**